

## বাংলা বিভাগের উদ্যোগে বসন্তোৎসব ১৪২৬ উদযাপিত



স্পর্শ, গন্ধ, বর্ণ, শব্দ, ছন্দ ও তানে ফাগুন যে আজ এসেছে ভুবনে। ফুল ফুটুক আর না ফুটুক, আজ বসন্ত। এই ঋতুরাজ বসন্তকে বরণ উপলক্ষে আজ (১৬ ফেব্রুয়ারি ২০১৯, রবিবার, সকাল ১১টায়) বাংলা বিভাগের উদ্যোগে 'বসন্তোৎসব ১৪২৬' উদযাপন অনুষ্ঠান ভাষা শহিদ রফিক ভবন প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

বাংলা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. পারভীন আক্তার জেমী এর সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ ও কলা অনুষদের ডিন অধ্যাপক ড. চঞ্চল কুমার বোস উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে মহান ভাষা আন্দোলনে বীর শহীদদের প্রতি দাঁড়িয়ে সম্মান জানানো হয়। এসময় জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো: নূরে আলম আব্দুল্লাহ এবং সাধারণ সম্পাদক অধ্যাপক ড. শামীমা বেগম, বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, নৃত্য, গান ও আবৃত্তি পরিবেশনার মধ্য দিয়ে বসন্ত বরণ উদযাপিত হয়। অনুষ্ঠানটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারী উপভোগ করেন।